

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-১
উন্নয়ন উইং

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ

নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪-১৬০

তারিখঃ -----
১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ শুমারি ও জরিপ কার্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে স্থায়ীভাবে জেলা শুমারি/জরিপ কমিটি গঠন।

সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics - NSDS) এর বিধান অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিভিন্ন সময়ে শুমারি ও জরিপ কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত স্থায়ীভাবে জেলা শুমারি/জরিপ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলোঃ

জেলা শুমারি/জরিপ কমিটি

ক্রমিক	কমিটির বিবরণ	কমিটিতে পদবী
০১	জেলা প্রশাসক	সভাপতি
০২	পুলিশ সুপার	সদস্য
০৩	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ	সদস্য
০৪	সিভিল সার্জন	সদস্য
০৫	উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)	সদস্য
০৬	পৌর সভার মেয়র (সকল)	সদস্য
০৭	উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
০৮	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
০৯	উপ পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
১০	জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
১১	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য
১২	সরকারি কলেজের অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
১৩	সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
১৪	জেলা শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক)	সদস্য
১৫	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
১৬	জেলা তথ্য কর্মকর্তা	সদস্য
১৭	উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
১৮	উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর	সদস্য
১৯	জেলা সমবায় কর্মকর্তা	সদস্য
২০	উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)	সদস্য
২১	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
২২	উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	সদস্য
২৩	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি	সদস্য
২৪	সাধারণ সম্পাদক, জেলা স্কাউটস্	সদস্য
২৫	ডিজিএম/এজিএম, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)	সদস্য
২৬	প্রতিনিধি, সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
২৭	কমান্ডার/ডেপুটি কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা ইউনিট কমান্ড	সদস্য
২৮	সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব	সদস্য
২৯	সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা চেম্বার অব কমার্স	সদস্য
৩০	সভাপতি/সাধারণ সম্পাদক, বনিক/ব্যবসায়ী সমিতি (প্রয়োজ্য ক্ষেত্রে)	সদস্য
৩১	উপ পরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)	সদস্য-সচিব


অপর পাতায় দৃষ্টব্যঃ

জেলা শুমারি/জরিপ কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- ১) সকল উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে শুমারি/ জরিপ কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা, পৌরসভা চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করা;
- ২) শুমারি/জরিপ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত মনিটরিং টিম গঠনসহ বিভিন্ন দায়িত্ব পালন করা;
- ৩) জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন পর্যায়ে শুমারি/জরিপ অনুষ্ঠানের জন্য যে সকল প্রস্তুতিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে তা সরেজমিনে পর্যবেক্ষণ ও তদারকী করা;
- ৪) সংশ্লিষ্ট জেলার সর্বস্তরে এবং সকল মাধ্যমে শুমারি/জরিপের বিষয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ৫) তথ্য সংগ্রহকারী/গণনাকারী/সুপারভাইজার নিয়োগ মনিটরিং করা।

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।


(মোঃ আমিনুল বর চৌধুরী)
যুগ্ম-সচিব (উন্নয়ন)
☎ ৮১৮১৩০৯

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ

নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪- ১৬০


তারিখঃ -----

১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/ বাণিজ্য মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয়/ ধর্ম মন্ত্রণালয়/মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় /ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়/সমাজ কল্যাণ মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (তাঁর অধীনস্থ সকল দপ্তরকে অবগত করার বিনীত অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল) (তিনি গঠিত জেলা কমিটি অনুসারে সকলকে অবগত করবেন)।


খেনচান

সিনিয়র সহকারী সচিব

☎ ৮১৮১৪৪৩, এক্সঃ ২০৯৮

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। অফিস কপি।